গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)
প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষিখামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
http//:lddp.portal.gov.bd

# ছোট আকারের দুগ্ধ প্রক্রিয়াজাতকরণ ইউনিটে বড় ডেইরি খামারী, প্রডিউসার অর্গানাইজেশন এবংমিষ্টি বিক্রয়ের সহিত সংশ্লিষ্ট আগ্রহী উদ্যোক্তাদের সাথে ম্যাচিং গ্রান্টের মাধ্যমে অংশীদারিত্ব প্রতিষ্ঠাকরণের শর্তাবলী বা Terms of Reference (ToR)

## ১. উদ্দেশ্যঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বিশ্বব্যাংকের অর্থায়নে প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) বাস্তবায়নের মাধ্যমে দেশের প্রাণিসম্পদ সেক্টরে উৎপাদনশীলতা বৃদ্ধি, বাজার সুবিধা উন্নয়ন, ক্ষুদ্র কৃষক ও কৃষি উদ্যোক্তাদের সহনশীলতা (Resilience) বৃদ্ধির প্রচেষ্টা গ্রহণ করেছে। প্রকল্পের সামগ্রিক লক্ষ্যের অংশ হিসেবে দুগ্ধ প্রক্রিয়াজাতকরণ প্রযুক্তি সম্প্রসারণের মাধ্যমে মানসম্পন্ন দুগ্ধজাত পণ্য উৎপাদন করার জন্য এলডিডিপি বড় আকারের দুগ্ধ খামার/Dairy Hubs/POs এবং মিষ্টি তৈরী কারখানায় ছোট আকারের দুগ্ধ প্রক্রিয়াজাতকরণ ইউনিট স্থাপনে ইচ্ছুক দুগ্ধ ব্যবসা পরিচালনাকরী/পরিচালনায় আগ্রহী প্রতিষ্ঠানের সাথে অংশীদারিত্ব প্রতিষ্ঠা করবে। প্রস্তাবের কারিগরী ও আর্থিক দিক বিবেচনা করে প্রস্তাবে উল্লেখিত মোট বাজেটের সর্বোচ্চ চল্লিশ ভাগ (৪০%) অর্থ অর্থাৎ অনধিক ২৪ লক্ষ ৯৫ হাজার টাকা (চব্বিশ লক্ষ পচাঁনব্বই হাজার টাকা) প্রকল্প থেকে অনুদান প্রদান করা হবে এবং অবশিষ্ট অর্থ উদ্যোক্তাকে বহন করতে হবে।

## ২. আবেদনকারীর যোগ্যতাঃ

১. আবেদনকারীকে বাংলাদেশী নাগরিক হতে হবে;

২. আবেদনকারীর ব্যবসা দুগ্ধ প্রক্রিয়াজাতকরণ সংক্রান্ত হতে হবে এবং এ উৎপাদন র্কাযক্রম প্রকল্পের আওতাভুক্ত এলাকায় অবস্থিত হতে হবে;

৩. আবেদনকারীকে দুগ্ধ প্রক্রিয়াজাতকরণে কমপক্ষে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে;

৪. আবেদনকারীকে বৈধ ট্রেড লাইন্সেস ও টিআইএন (TIN) সার্টিফিকেট দাখিল করতে হবে;

৫. আবেদনপত্রে প্রস্তাবিত মোট বাজটের কমপক্ষে শতকরা ষাট ভাগ (৬০%) অর্থ আবেদনকারীকে বহন করতে হবে;

৬. আবেদনকারীকে বেসরকারি ক্ষুদ্র উদ্যোক্তা হতে হবে। পাবলিক লিমিটেড কোম্পানি এবং স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানি আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবে না;

৭. ম্যাচিং গ্রান্ট প্রাপ্তির জন্য মহিলা উদ্যোক্তাদের বিশেষভাবে উৎসাহিত করা হবে।

## ৩. ম্যাচিং গ্রান্টের ব্যবহারঃ

### ৩.১ ম্যাচিং গ্রান্টের অর্থ নিম্নে বর্ণিত কাজে ব্যবহার করা যাবেঃ

ক. ম্যাচিং গ্রান্টের অর্থ বড় ডেইরি খামার/ডেইরি হাবস্/পিও এবং মিষ্টি উৎপাদকদের উন্নয়নের জন্য ব্যবহার করা যাবে,

খ. ম্যাচিং গ্রান্টের অর্থ নিম্নের সরঞ্জামাদি কেনার কাজে ব্যবহার করা যেতে পারেঃ

- যন্ত্রপাতি, পণ্য পরীক্ষার ল্যাব সরঞ্জাম এবং অন্যান্য সরঞ্জামাদি স্পেসিফিকেশন অনুযায়ী সংগ্রহ করতে হবে;
- ম্যাচিং গ্রান্টের অর্থ উৎপাদন ব্যবস্থার মান উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় যন্ত্রপাতি বা সফটওয়্যার সংগ্রহ করার কাজে ব্যবহার করা যেতে পারে; এবং

গ. বিশেষজ্ঞ দলের সদস্যগণ পরিকল্পনা অনুযায়ী ম্যাচিং গ্রান্টের প্রদত্ত অর্থের যথাযথ ব্যবহার তত্ত্বাবধান করবেন।

**৩.২ ম্যাচিং গ্রান্টের অর্থ নিম্নে বর্ণিত কাজে ব্যবহার করা যাবে নাঃ**

ক. জমি কেনা বা ভাড়া করা;

খ. যানবাহন ক্রয়;

গ. অফিসের আসবাবপত্র ও সরঞ্জাম ক্রয়;

ঘ. বিল্ডিং এবং সিভিল ওয়ার্কস;

ঙ. অপারেটিং খরচ;

চ. ঋণ পরিশোধ;

ছ. ঋণের সুদ প্রদান;

জ. ওয়ার্কিং ক্যাপিটাল; এবং

ঝ. বেআইনী ব্যবসায়িক কাঁযক্রম।

**৪. ম্যাচিং গ্রান্টের আকার/পরিমানঃ**

ম্যাচিং গ্রান্ট/অনুদানের পরিমান কোনক্রমেই ২৪.৯৫ লক্ষ টাকার (চব্বিশ লক্ষ পঁচানব্বই হাজার টাকা) বেশী হবে না। আবেদনকারীর ব্যবসায় বিনিয়োগের প্রয়োজনীয়তা মূল্যায়নের ভিত্তিতে ম্যাচিং গ্রান্টের পরিমান নির্ধারিত হবে।

**৫. ইওআই (EoI)/আবেদন জমা দেওয়ার প্রক্রিয়াঃ**

ক. আবেদনকারীকে ইওআই'তে বর্ণিত সমস্ত প্রয়োজনীয় তথ্যাবলী পূরণ করতে হবে এবং তার সমর্থনে যথাযথ কাগজপত্রসহ আবেদনপত্র প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট (পিএমইউ)-এ জমা দিতে হবে;

খ. অসম্পূর্ন আবেদন পত্র বিবেচনা করা হবে না;

গ. আগ্রহব্যক্তকারীকে ইওআই (EoI) ফরমেট অনুসরণ করে আবেদন জমা দিতে হবে;

ঘ. আবেদনকারী কেবল একটি প্যাকেজের জন্য আবেদন পত্র জমা দিতে পারবেন; এবং

ঙ. প্রকল্প কর্তৃপক্ষ আবেদনকারীর জমা দেওয়া কোন ইওআই বা সহায়ক উপকরণ ফেরত দিতে বাধ্য নয়।

**৬. ইওআই (EoI) যাচাইকরণ এবং ম্যাচিং গ্রান্ট অনুমোদনের প্রক্রিয়াঃ**

ক. পিএমইউ কর্তৃক আবেদনের প্রাপ্তিস্বীকারকরণ;

খ. প্রাপ্ত আবেদনগুলো যাচাই বাছাইয়ের জন্য প্রকল্প বাস্তবায়ন ইউনিট (PIU)-এ পাঠানো হবে;

গ. পিআইইউ (PIU) করণীয় :

- আবেদনপত্রে উল্লেখিত তথ্যাদি যাচাই করা;
- প্রয়োজনে আবেদনকারীর কাছ থেকে যে কোন বিষয়ের ব্যাখ্যা চাওয়া;
- পিএমইউ কর্তৃক সরবরাহকৃত ফরমেট বা চেকলিস্ট পূরণ করা; এবং
- যথাযথভাবে কাগজপত্র দেখা এবং রেকর্ড করা।

ঘ. পিআইইউ (PIU) সকল আবেদন যাচাই বাছাই করে পিএমইউতে রিপোর্টসহ প্রেরণ করবে;

ঙ. তহবিল ব্যবস্থাপনা ইউনিট (FMU) আবেদনকারী কর্তৃক প্রদত্ত তথ্য যাচাই করার জন্য স্বাধীন উৎস থেকে তথ্য সংগ্রহ করতে পারবে;

চ. গ্রান্ট রিভিউ কমিটি (GRC)'র চূড়ান্ত সিদ্ধান্ত সফল আবেদনকারীদের জানানো হবে;

ছ. শুধুমাত্র নির্বাচিত আবেদনকারীকে ব্যবসায় পরিকল্পনা (Business Plan) প্রণয়নের জন্য আহ্বান জানানো হবে; এবং

জ. দাখিলকৃত প্রস্তাবের কলা-কৌশল ও যথার্থতা বিবেচনা পূর্বক চূড়ান্ত তালিকা প্রণয়ন করা হবে।

**৭. ম্যাচিং গ্রান্ট চুক্তি এবং বিতরণঃ**

- প্রকল্প পরিচালক, এলডিডিপি বাংলাদেশের প্রচলিত বিধি-বিধান অনুসরণ পূর্বক সরকারের পক্ষ থেকে নির্বাচিত উদ্যোক্তাদের সাথে চুক্তিপত্র স্বাক্ষর করবে;
- প্রকল্প পরিচালক, এলডিডিপি সফলভাবে নির্বাচিত আবেদনকারীদের সাথে চুক্তির আলোচনা সম্পন্ন করবে এবং ম্যাচিং গ্রান্ট সহায়তা চূড়ান্ত করবে;
- আবেদনপত্রে উল্লেখিত উদ্দেশ্য, কাজের পরিকল্পনা, কার্যক্রম, মাইলস্টোন, তহবিলের ব্যবস্থা এবং প্রতিবেদনের সময়সূচী নির্ধারণ চুক্তির একটি অবিচ্ছেদ্য অংশ হিসেবে বিবেচিত হবে;
- পিএমইউ এর একজন টেকনিক্যাল অফিসার নির্বাচিত উদ্যোক্তাদের নিকট চুক্তির প্রতিটি ধারা ব্যখ্যা করবেন; এবং
- নির্বাচিত উদ্যোক্তাগণ প্রকল্পের সাথে চূড়ান্ত অনুদান চুক্তিতে স্বাক্ষর করবেন।

**৮. বিরোধ নিষ্পত্তিঃ**

একটি কার্যকর অভিযোগ নিষ্পত্তি প্রক্রিয়ার (Grievance Redress Mechanism-GRM) মাধ্যমে কোন অভিযোগ থাকলে তা গ্রহণ, প্রক্রিয়াকরণ ও নিষ্পত্তি করা হবে। বিরোধ নিষ্পত্তির জন্য এলডিডিপিতে একটি বিরোধ নিষ্পত্তি পদ্ধতি GRM কার্যকর আছে। এ বিষয়ে কারো কোন অভিযোগ উত্থাপিত হলে তা গ্রহণ, প্রক্রিয়াকরণ এবং নিষ্পত্তিকরণ GRM-এর মাধ্যমে সম্পন্ন হবে। যে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান প্রাণিসম্পদ অধিদপ্তর বা প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)-এর ওয়েবসাইটে (http://lddp.portal.gov.bd) প্রবেশ করে বা ই-মেইল বা লিখিত পত্রের মাধ্যমে বিরোধ/অভিযোগ নিষ্পত্তি/প্রতিকার চেয়ে আবেদন করতে পারবে।

সংশ্লিষ্ট বিষয়ে কারও কোন অভিযোগ থাকলে নিম্ন ঠিকানায়ও যোগাযোগ করা যাবেঃ

| কর্মকর্তার পদবী | যোগাযোগের ঠিকানা |
|---|---|
| মহাপরিচালক,<br>প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। | প্রাণিসম্পদ অধিদপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ, ঢাকা।<br>ই-মেইল: dg@dls.gov.bd<br>টেলিফোন: +৮৮০২৯১০১৯৩২<br>ডাক ঠিকানা: প্রাণিসম্পদ ভবন-১ (২য় তলা), কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫, বাংলাদেশ। |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)
প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষিখামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
http//:lddp.portal.gov.bd

# ছোট আকারের দুগ্ধ প্রক্রিয়াজাতকরণ ইউনিটে বড় ডেইরি খামারী, প্রডিউসার অর্গানাইজেশন এবং মিষ্টি বিক্রেতাদের সহিত ম্যাচিং গ্রান্টের মাধ্যমে অংশীদারিত্ব প্রতিষ্ঠাকরণের ইওআই ফরমেট এবং নির্দেশিকা (EoI Format and Guideline)

**আবেদনকারীদের জন্য নির্দেশনাঃ**

১. এই ফরমটি বিনামূল্যে এবং এলডিডিপি (http://lddp.portal.gov.bd), ডিএলএস (www.dls.gov.bd) এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (http://mofl.gov.bd)-এর ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে;

২. ফরমটি প্রতিষ্ঠানের দুগ্ধ খামার/ডেইরি হাবস্ (Dairy Hubs)/POs/মিষ্টি তৈরী কারখানা-এর মালিক/ একজন ব্যক্তি যিনি আবেদনকারীর ব্যবসা প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত আছেন তিনি পূরণ করতে পারবেন;

৩. কোন উদ্যোক্তা উল্লেখিত সকল যোগ্য মানদন্ড পূরণ হলেই আবেদন করতে পারবেন;

৪. আবেদন করার আগে অনুগ্রহ করে আগ্রহব্যক্তকরণ বা ইওআই (EoI) ফরমেটটি ভালোভাবে পড়ে নিতে হবে;

৫. সকল প্রশ্নের উত্তর সঠিকভাবে দিতে হবে। যদি কোন প্রশ্ন আপনার জন্য প্রাসঙ্গিক না হয় তবে **"প্রযোজ্য নয়"** লিখতে হবে;

৬. দ্রুত প্রক্রিয়াকরণ নিশ্চিত করার জন্য সঠিক এবং সহজে যাচাইযোগ্য তথ্য উপস্থাপন করতে হবে;

৭. মিথ্যা তথ্য প্রদান বা অসাধু উপায়/রেফারেন্স ব্যবহার করলে আপনার আবেদন অগ্রাহ্য হবে;

৮. ফরমের শেষ পৃষ্ঠায় প্রতিটি প্রশ্নের সাথে উল্লেখিত সমস্ত সহায়ক কাগজপত্র যথাযথভাবে সংযুক্ত করতে হবে;

৯. আবেদনপত্রের ইওআই (EoI) ফরমেটের সব পৃষ্ঠায় স্বাক্ষর ও ব্যবসা প্রতিষ্ঠানের অফিসিয়াল স্ট্যাম্প ব্যবহার করতে হবে;

১০. আবেদন পত্র জমা দেওয়ার অর্থ এই নয় যে প্রাণিসম্পদ অধিদপ্তর/প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প ম্যাচিং গ্রান্ট প্রদানের জন্য বাধ্য থাকবে;

১১. আবেদনের ন্যায্য ও স্বচ্ছ মূল্যায়ণের উপর ভিত্তি করে ম্যাচিং গ্রান্ট অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হবে;

১২. যে কোন তথ্য যদি স্পষ্ট না হয় বা ওভাররাইটিং থাকে বা সংশোধন করা হয় অথচ যথাযথভাবে স্বাক্ষরিত না থাকে তবে তা বাতিল বলে গণ্য হবে;

১৩. যে কোন প্ররোচনা (Persuasion) অযোগ্যতা হিসাবে বিবেচিত হবে;

১৪. এলডিডিপি যে কোন প্রস্তাব/আবেদন গ্রহণ বা প্রত্যাখ্যান করার সর্বস্বত্ত সংরক্ষণ করেন।

## ইওআই ফরমেট (EoI Format)

**সেকশন-১: আবেদনকারীর যোগ্যতার মানদন্ড (বাধ্যতামূলক)**

| ক্রমিক নং | শর্তাবলী | যাচাইকরণের উৎস | ফলাফল |
|---|---|---|---|
| ১ | আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে। | জাতীয় পরিচয়পত্র | ☐হ্যাঁ ☐ না |
| ২ | আবেদনকারীর (প্রতিষ্ঠানের মালিক) দুগ্ধ প্রক্রিয়াজাতকরণ সুবিধাগুলি অবশ্যই বাংলাদেশে অবস্থিত হতে হবে। | মালিকানা নথি/ভাড়া/ চুক্তি | ☐হ্যাঁ ☐ না |
| ৩ | প্রস্তাবিত মোট প্রকল্প ব্যয়ের শতকরা ষাট ভাগ (৬০%) অর্থ আবেদনকারীকে বহন করতে হবে। | গ্রান্ট এগ্রিমেন্টের সময় নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একটি স্ব-ঘোষণা (self-declaration) পত্র দিতে হবে। | ☐হ্যাঁ ☐ না |
| ৪ | আবেদনকারী একটি পাবলিক লিমিটেড কোম্পানী নয়, স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত নয় এবং সরকার-নিয়ন্ত্রিত সংস্থা নয়। | | ☐হ্যাঁ ☐ না |
| ৫ | আবেদনকারী একটি বেসরকারী উদ্যোক্তা যা বাংলাদেশে দুগ্ধ প্রক্রিয়াজাতকরণে কাজ করে। | | ☐হ্যাঁ ☐ না |

❖ **অনুগ্রহ করে প্রতিটি ক্রমিকের উত্তর যাচাইকরণের উৎস-সংশ্লিষ্ট কাগজপত্র/সনদপত্র সংযুক্ত করুন।**

**সেকশন-২: আবেদনকারী (উদ্যোক্তা) এবং তার সংস্থার বিবরণঃ**

১. আবেদনকারীর নাম:

২. আবেদনকারীর বিবরণ (প্রোফাইল):

ক. সংস্থার ধরণ (শুধুমাত্র একটি ঘরে ✓টিক দিন): এমএসএমই ☐ সিএসও ☐ কোম্পানি ☐ পিও ☐

খ. মালিকানার প্রকৃতি (শুধুমাত্র একটি ঘরে ✓টিক দিন): একমাত্র স্বত্বাধিকারী ☐ অংশীদারিত্ব ☐

গ. প্রধান কার্যকলাপ (শুধুমাত্র একটি ঘরে টিক ✓দিন): উৎপাদন ☐ প্রক্রিয়াকরণ ☐ বিক্রয় ☐ সংগ্রহ করা ☐

ঘ. ব্যবসা শুরুর তারিখ:

ঙ. গত ০৩ (তিন) বছরের বার্ষিক টার্ণওভার (লক্ষ টাকায়):

| বছর | টাকার পরিমাণ |
|---|---|
| ২০২১-২২ | |
| ২০২০-২১ | |
| ২০১৯-২০ | |

চ. অনুগ্রহ করে টিক দিন (✓) যদি ব্যবসায়ের ভিত্তি স্ব-মালিকানাধীন/ইজারা/ভাড়া নেয়া হয়:

| ইউনিট | মালিকানাধীন | ইজারা নেয়া হয়েছে | ভাড়া নেয়া হয়েছে |
|---|---|---|---|
| প্রক্রিয়াজাতকরণ ইউনিট | | | |
| উৎপাদন ইউনিট | | | |
| দুগ্ধ সংগ্রহ কেন্দ্র | | | |
| অফিস | | | |

ছ. সার্টিফিকেশন/নিবন্ধন সংক্রান্ত তথ্যাদি:

| ক্রমিক নং | সার্টিফিকেশন/নিবন্ধন | বৈধতা |
|---|---|---|
| ১ | বিএসটিআই | ☐ হ্যাঁ ☐ না |
| ২ | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | ☐ হ্যাঁ ☐ না |
| ৩ | ডিএলএস (DLS) নিবন্ধন | ☐ হ্যাঁ ☐ না |

**জ. আবেদনকারীর তথ্য ও ঠিকানা:**

| | |
|---|---|
| মূল আবেদনকারীর নাম | |
| জাতীয় পরিচয়পত্র নং | |
| জন্ম তারিখ | |
| যোগাযোগের ঠিকানা | গ্রাম------------------ডাকঘর------------<br>উপজেলা------------ জেলা-------------- |
| মোবাইল নম্বর | +৮৮০ |
| হোয়াটস্এ্যাপ নম্বর | +৮৮০ |
| ই-মেইল ঠিকানা | |
| লিঙ্গ (অনুগ্রহ করে টিক দিন (✓): | ☐ পুরুষ ☐ মহিলা |

**সেকশন-৩: প্রকল্প সম্পর্কে তথ্য**

ক. প্রকল্পের শিরোনাম:

খ. প্রকল্পের অবস্থান (বিস্তারিত ঠিকানা সহ): জমির মালিকানা, ব্যবহারের অধিকার, স্থানের স্পষ্টতা (যথা প্রযোজ্য) ও আইনী কাগজপত্রসহ আবেদনকারীর সংস্থা কর্তৃক মূল বিনিয়োগের স্থান।

গ. প্রকল্পের উদ্দেশ্য ও কার্যক্রম: সংক্ষিপ্ত আকারে বর্ণনা করুন (সর্বাধিক এক পৃষ্ঠা)।

ঘ. প্রকল্পের বর্ণনা এবং যৌক্তিকতা:

- প্রকল্প এবং এর কার্যক্রমের যৌক্তিকতা:
- প্রধানত: যে সমস্ত কার্যক্রম সম্পাদন করা হবে:
- মূল সংগঠক এবং তাদের নিজ নিজ ভূমিকা:
- প্রস্তাবিত পণ্য ও পরিসেবার জন্য বাজার:
- প্রস্তাবিত প্রকল্পের আর্থ-সামাজিক প্রভাব:

ঙ. সামাজিক ও পরিবেশগত প্রভাব (SEIA): (প্রকল্পটি কোন সামাজিক প্রভাব তৈরি করবে কিনা তা সংক্ষেপে বর্ণনা যেমন- নারীর প্রত্যক্ষ এবং পরোক্ষ কর্মসংস্থান এবং ক্ষমতায়ন; এছাড়াও, পরিবেশগত প্রভাব যেমন- গ্রীন হাউজ গ্যাস (GHG) নির্গমন হ্রাস ইত্যাদি)।

চ. সুবিধাভোগী: সুবিধাভোগী কে/কারা এবং তাদের সংখ্যা:

ছ. ইনপুট: (মূল কার্যক্রমের সাথে সম্পর্কিত ইনপুট সমুহ):

জ. প্রত্যাশিত আউটপুট এবং প্রভাব:

ঝ. প্রকল্পের সময়সীমা:

শুরুর তারিখঃ----/----/২০-- সমাপ্তির তারিখঃ----/----/২০--

ঞ. প্রকল্পের বাজেট (আইটেম অনুযায়ী ব্রেক আপ সহ):

ট. নগদ অর্থ প্রবাহের সার-সংক্ষেপ: আর্থিক সূচক বিশ্লেষণ এবং বিনিয়োগ থেকে রিটার্নসহ আপনার সংস্থার নগদ প্রবাহের একটি সংক্ষিপ্ত ইঙ্গিতমূলক বিবরণ এবং কিভাবে এই বিনিয়োগ কোম্পানির লাভজনকতা পরিবর্তন করবে তা অবহিত করতে হবে।

| আইটেম সমুহ | ০ বছর | ১ম বছর | ২য় বছর | ৩য় বছর | ৪র্থ বছর | ৫ম বছর | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| মোট খরচ | | | | | | | |
| নিট প্রবাহ (মোট রাজস্ব -মোট ব্যয়) | | | | | | | |

ঠ. ম্যাচিং গ্রান্ট: (ম্যাচিং গ্রান্ট গ্রহণের জন্য আবেদনকারীর নিজস্ব তহবিলের তথ্য এবং প্রমাণক সরবরাহ করতে হবে, আবেদনকারীর নিজস্ব তহবিল অবশ্যই অভ্যন্তরীন উৎস থেকে সংগৃহীত (ঋণসহ) হতে হবে। নিজস্ব মূলধন অন্যান্য দাতা বা সরকার দ্বারা সহ-অর্থায়ন করা বিনিয়োগ প্রকল্প গুলিকে সমর্থন করে না)।

ড. ম্যাচিং গ্রান্ট স্কিমের জন্য, যন্ত্রপাতি ও সরঞ্জামের নাম ও সংক্ষিপ্ত বিবরণ।

| ক্রমিক নং | যন্ত্রপাতি/সরঞ্জামের নাম | ব্রান্ডের নাম এবং স্পেসিফিকেশন | সংখ্যা | একক মুল্য (টাকা) | মোট মুল্য (টাকা) |
|---|---|---|---|---|---|
| ১ | | | | | |
| ২ | | | | | |
| ৩ | | | | | |
| ৪ | | | | | |
| ৫ | | | | | |
| **মোট প্রকল্প খরচঃ** | | | | | |

১. প্রস্তাবিত কারখানার অপারেশনাল ক্যাপাসিটি এবং উৎপাদনের বিবরণঃ

| ক্রমিক নং | কারখানার প্রকার/নাম | উৎপাদিত পণ্য | অপারেশনাল প্রোডাকশন (Ton/day) | অপারেশনাল খরচ/টন (উৎপাদিত পণ্যের কাঁচামালসহ) |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| **মোট** | | | | |

২. চাহিদাকৃত ম্যাচিং গ্রান্টের পরিমানঃ

| | |
|---|---|
| ক. মোট প্রকল্প খরচ | |
| খ. নিজস্ব তহবিল | |
| গ. ম্যাচিং গ্রান্টের পরিমান (ক-খ) | |
| ঘ. অনুদানের চাহিদার সাথে মোট প্রকল্প ব্যয়ের শতকরা হার (%) | |

বি. দ্র: চাহিদাকৃত ম্যাচিং গ্রান্টের পরিমান কোনক্রমেই মোট প্রকল্প ব্যয়ের চল্লিশ ভাগ (৪০%) অতিক্রম করবে না।

৩. ব্যবসা উন্নয়নের প্রয়োজনগুলোর মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়টি "১", দ্বিতীয় গুরুত্বপূর্ণটি "২", তৃতীয় গুরুত্বপূর্ণটি "৩" এভাবে ক্রমানুসারে সবগুলো প্রয়োজনের বিষয় উল্লেখ করুন।

**আবেদনকারীর ঘোষণাঃ**

আমি প্রত্যায়ন করছি যে, এই আবেদন ফরমটিতে প্রদত্ত সকল তথ্য সঠিক। আমি নির্দেশাবলীতে বর্ণিত সকল শর্তাবলীর সাথে একমত পোষণ করছি।

| | |
|---|---|
| নাম: | পদবী: |
| স্বাক্ষর: | ব্যবসার সীলমোহর: |
| তারিখ: | |

(এই ফরমটি মালিক বা অংশীদার বা ম্যানেজার বা অন্য কোনও দায়িত্বশীল ব্যক্তির দ্বারা স্বাক্ষরিত অবস্থায় জমা দিতে হবে এবং প্রতি পৃষ্টায় স্বাক্ষর দিতে হবে) ।

ইওআই আবেদনের সাথে সংযুক্ত নথির তালিকা (শুধুমাত্র ফটোকপি আবশ্যক)

| ক্রমিক নং | কাগজপত্রাদি | ফলাফল |
|---|---|---|
| ১ | মূল আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র | ☐ হ্যাঁ ☐ না |
| ২ | সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট | ☐ হ্যাঁ ☐ না |
| ৩ | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত রেজিস্ট্রেশন সনদ | ☐ হ্যাঁ ☐ না |
| ৪ | জমির মালিকানা/ভাড়া/ইজারা নথি (রেজিস্ট্রি, লিজ/ভাড়া চুক্তি) | ☐ হ্যাঁ ☐ না |
| ৫ | মূল্যসহ যন্ত্রপাতির স্পেসিফিকেশন | ☐ হ্যাঁ ☐ না |